# অর্থনীতি

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩৫ মিনিট　　　　　　　　　　পূর্ণমান — ৭০

*[বিশেষ দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান- ১০]*

**১.▶** সুজিত সাহেব বাংলাদেশের নাগরিক। তিনি উচ্চ শিক্ষার জন্য কিউবায় চলে যান। কিউবার যে বিষয়টি তার দৃষ্টি আকর্ষণ করে সেটি হলো, রাষ্ট্রের নিয়ন্ত্রণে যাবতীয় অর্থনৈতিক কার্যাবলি পরিচালনা। সেখানে ব্যক্তিগত মুনাফার উদ্দেশ্যে কোনো অর্থনৈতিক প্রতিষ্ঠান গড়ে ওঠেনি। সেখানে সুজিত সাহেব তার নিজ দেশে অর্থব্যবস্থার কথা ভাবলেন, যেখানে রাষ্ট্রীয় ও ব্যক্তিগত উৎপাদন ব্যবস্থা বিদ্যমান রয়েছে।

ক. বাংলাদেশে কোন ধরনের অর্থব্যবস্থা রয়েছে? ১

খ. বাংলাদেশের অর্থব্যবস্থার প্রধান দুটি বৈশিষ্ট্য ব্যাখ্যা দাও। ২

গ. উদ্দীপকে উল্লিখিত সুজিত সাহেব যে দেশে উচ্চ শিক্ষার জন্য যান সে দেশের অর্থব্যবস্থার ব্যাখ্যা দাও। ৩

ঘ. উদ্দীপকের দেশ ও বাংলাদেশের অর্থব্যবস্থার মধ্যে কোনটি তোমার কাছে বেশি গ্রহণযোগ্য? তোমার উত্তরের পক্ষে যুক্তি প্রদর্শন কর। ৪

**২.▶** মনসুর আলী একজন ভালো গায়ক। কিন্তু সে খুব গরিব। তাই রেলস্টেশনে ঘুরে ঘুরে গান গায়। এতে কোনোভাবে তার সংসার চলে। এলাকার লোকজন তার প্রতিভায় মুগ্ধ। কিন্তু তাতে মনসুর আলীর কোনো উপকার হয় না। এক সময় গ্রামের কয়েকজন তরুণ তার গানের সিডি তৈরি করে বাজারজাত করে। এরপর থেকে তার আয় বাড়তে থাকে ও সংসারে সচ্ছলতা আসে।


ক. সম্পদের বৈশিষ্ট্য কয়টি? ১

খ. ব্যবসায়ের সুনামকে সম্পদ বলা হয় কেন? ২

গ. মনসুরের 'গায়কী প্রতিভা' অর্থনৈতিক দৃষ্টিকোণ থেকে সম্পদ কিনা তা ব্যাখ্যা করো। ৩

ঘ. মনসুরের গানের সিডি কীভাবে তার অবস্থার পরিবর্তন করে তা বিশ্লেষণ করো। ৪

**৩.▶**



ক. অর্থনীতিতে চাহিদা কী? ১
খ. প্রান্তিক উপযোগ বলতে কী বোঝায়? ২
গ. উল্লিখিত চিত্রটি অর্থনীতির কোন ধারণার সঙ্গে সঙ্গতিপূর্ণ? ব্যাখ্যা কর ।৩
ঘ. বর্ণিত চিত্রে শুধু SS রেখাটি বামে স্থানান্তরিত হলে অর্থনীতিতে এর প্রতিক্রিয়া কীরূপ হবে বলে তুমি মনে কর? ৪

৪.▶ রহমত একজন সাধারণ কৃষক। উত্তরাধিকার সূত্রে সে দুই বিঘা জমির মালিক হয়েছে। তার জমি বেশ উর্বর। এবছর সে উন্নত চাষ পদ্ধতি ব্যবহার করে প্রচুর ধান পেয়েছে।

ক. শ্রম ঘণ্টা কী? ১
খ. প্রান্তিক উৎপাদন বলতে কী বোঝায়? ২
গ. রহমতের জমির খণ্ডকে কেন ভূমি বলা হয়? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'ভূমি উৎপাদনের একটি নিষ্ক্রিয় উপকরণ হলেও এর গুরুত্ব অপরিসীম'। উক্তিটি মূল্যায়ন করো। ৪

৫.▶ রশিদ অটোরিক্সা চালায়। সে লক্ষ করল একটি নির্দিষ্ট দামে গ্যাস কিনতে বাধ্য। কিন্তু সাবান, শ্যাম্পু ইত্যাদি জিনিস কম বেশি দামে কিনতে পারে। এ ব্যাপারে সে তার এক শিক্ষিত ব্যবসায়ী বন্ধুকে জিজ্ঞাসা করলে জানতে পারে, গ্যাসের বাজারে ইচ্ছেমোত দাম চাওয়া হয়। কিন্তু সাবান শ্যাম্পু বাজারে প্রতিযোগিতা লক্ষ করা যায়। সাবান শ্যাম্পু বাজারে প্রতিযোগিতা হয় বলে মান অনুযায়ী কম-বেশি দামে তা কেনা যায়।

ক. কোন ধরনের বাজারে প্রান্তিক আয় রেখা গড় আয় রেখার নিচে থাকে? ১
খ. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে কেন একটি দাম বিরাজ করে? ২
গ. গ্যাসের বাজার এবং সাবান ও শ্যাম্পুর বাজারের স্বরূপ ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের আলোকে এ-দুই ধরনের বাজারের তুলনামূলক পার্থক্য আলোচনা করো। ৪

http://bdjobs24.net/

৬.▶ জাহিদ একটি সরকারি স্কুলে পড়ে। তাদের স্কুলের সবাই খুশি। কারণ এবছর একটি নতুন ভবন তৈরি হচ্ছে। সে জানতে পারে সরকার এবার তাদের স্কুলে বড় বাজেট বরাদ্দ দিয়েছে। বাজেট কী তা সে বোঝে না। এপ্রসঙ্গে তার শিক্ষককে জিজ্ঞাসা করলে তিনি বলেন, তাদের বেতনের মতো এটিও সরকারের এক ধরনের ব্যয় যা বাজেটের মাধ্যমেই সরকার প্রদান করে।

ক. বাজেটের সংজ্ঞা দাও। ১
খ. সরকারি অর্থব্যবস্থা বলতে কী বোঝায়? ২
গ. জাহিদের স্কুলের ভবন নির্মাণের কাজটি সরকারের কোন বাজেটের অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩
ঘ. জাহিদের শিক্ষকের বেতন কীভাবে উদ্বৃত্ত বাজেটের অন্তর্গত হতে পারে? বিশ্লেষণ করো। ৪

৭.▶ মুনিয়া গত এক বছর ধরে ১ টাকা, ২ টাকা, ৫ টাকা ও ১০ টাকার নোট ব্যক্তিগত মাটির ব্যাংকে জমা করে। পার্শ্ববর্তী দেশে ভ্রমণের জন্য টাকাগুলো নিয়ে ব্যাংকে রূপান্তর করতে গেলো। কিন্তু ব্যাংক কর্মকর্তা তার কিছু টাকা ফেরত দিলো এবং বাকি টাকার সমপরিমাণ ডলার প্রদান করলো।

ক. কাগজি নোট কাকে বলে? ১

খ. স্থায়ী আমানত বলতে কী বোঝায়? ২

গ. মুনিয়া যে টাকাগুলো রূপান্তর করতে পারলো না, তা কোন প্রকার মুদ্রার অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩

ঘ. মুনিয়া যে টাকাগুলো রূপান্তর করতে পারলো পাঠ্যবইয়ের আলোকে তার প্রকৃতি বিশ্লেষণ করো। ৪

৮.▶ গনি মিয়া তার মেয়ের বিয়েতে অতিথি আপ্যায়নের জন্যে তার উৎপাদিত ধান দিয়ে প্রয়োজনীয় পণ্য আনতে বের হন। কিন্তু প্রয়োজন মতো সব পণ্য জোগাড় করতে পারলেন না। তিনি খুব দুশ্চিন্তায় পড়ে গেলেন। উপায় না পেয়ে নানা রকম অসুবিধার মধ্যেই অতিথি আপ্যায়নসহ অন্যান্য কাজ সমাধান করে মেয়েকে শ্বশুর বাড়িতে পাঠালেন। বর্তমানে অর্থের প্রচলন হওয়ায় কাউকে এমন সমস্যায় পড়তে হয় না।


ক. গ্রহণের বাধ্যবাধকতার দিক থেকে মুদ্রা কত প্রকার? ১

খ. 'কেন্দ্রীয় ব্যাংক সর্বশেষ ঋণদাতা'– ব্যাখ্যা করো। ২

গ. গনি মিয়ার সময়ে যে প্রথাটি প্রচলিত ছিল তা ব্যাখ্যা করো। ৩

ঘ. 'অর্থের প্রচলন গনি মিয়ার জীবনযাত্রাকে সহজ করে তুলবে'- তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

৯.▶



A.কৃষিনির্ভর শিল্প (চিনি শিল্প)



B. শিল্পনির্ভর কৃষি

ক. কৃষি ও বনজ সম্পদের কয়টি উপখাত রয়েছে? ১

খ. ক্ষুদ্র শিল্পের ভিত্তিতে কৃষি ব্যাখ্যা করো। ২

গ. A ও B নির্দেশিত শিল্প পরস্পর নির্ভরশীল'—ব্যাখ্যা করো। ৩

ঘ. উল্লিখিত শিল্পের কোনটি দেশের অর্থনৈতিক উন্নয়নে অধিক ভূমিকা রাখছে বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

১০.▶ শাহী তার কৃষি জমিতে বছরে প্রায় ২৫ মণ ধান উৎপাদন করতে পারে। তার বড় ছেলে জাফর অন্য কোনো কাজ না পেয়ে তার সাথেই ধান উৎপাদনের কাজে নিয়োজিত হয়। কিন্তু তাতে উৎপাদনের পরিমাণ একই থেকে যায়। তাই জাফর যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র থেকে প্রশিক্ষণ নিয়ে একটি গরুর খামার স্থাপন করে। সে খামারে আরও পাঁচ জন লোক নিয়োগ দেয়।

ক. অর্থনৈতিক উন্নয়ন কী? ১

খ. মৌসুমি বেকারত্ব বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. জাফরের প্রথম দিকের বেকারত্বের প্রকৃতি ব্যাখ্যা করো। ৩

ঘ. জাফরের পরবর্তী কার্যক্রমটি দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম — বিশ্লেষণ করো। ৪

১১.▶ সুমিত পঞ্চম শ্রেণিতে পড়ে। একদিন বিকালে তার বাবা টিভিতে বাজেট অধিবেশন দেখার সময় সুমিত জিজ্ঞেস করে। বাবা বাজেট কী? তখন তার বাবা সুমিতকে বলে, বাজেট হলো সরকারের আয়-ব্যয়ের বিবরণী।

ক. চলতি বাজেট কী? ১

খ. বাংলাদেশ সরকারের ব্যয়ের খাতসমূহ— ব্যাখ্যা করো। ২

গ. পারিবারিক বাজেটের সাথে উদ্দীপকে বর্ণিত বাজেটের পার্থক্য নিরূপণ করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত বাজেটের আয়ের খাতগুলো বিশ্লেষণ করো। ৪

http://teachers24.net/

# অর্থনীতি

সময়— ৩০ মিনিট | বহুনির্বাচনি অভীক্ষা | পূর্ণমান— ৩০

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. কোন সমাজে কৃষিকে সম্মানজনক পেশা মনে করা হতো?**
ক) মিশরীয় খ) হিব্রু
গ) রোমান ঘ) গ্রিক

**২. অর্থনীতির মৌলিক সমস্যা হলো—**
i. অসীম অভাব
ii. সসীম অভাব
iii. সম্পদের দুষ্প্রাপ্যতা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**অনুচ্ছেদটি পড়ো এবং ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও:**
রাজিব সম্প্রতি সরকারের প্রশাসনিক বিভাগের একটি গুরুত্বপূর্ণ পদে নিয়োগ পেয়েছেন। কিন্তু আন্তরিক ইচ্ছা থাকা সত্ত্বেও তিনি জাতীয় আয়, দাম ব্যবস্থা, বিনিয়োগ ইত্যাদি বিষয়গুলোতে যথেষ্ট দক্ষতা দেখাতে পারছেন না। তার সহকর্মী রফিক তাকে সম্পদের বিজ্ঞানের ওপর জ্ঞান অর্জনের পরামর্শ দেন।

**৩. রফিক সাহেব সম্পদের বিজ্ঞান বলতে কোন বিষয়কে বুঝিয়েছেন?**
ক) সমাজবিজ্ঞান খ) অর্থনীতি
গ) রাষ্ট্রবিজ্ঞান ঘ) সমাজকল্যাণ

**৪. রফিক সাহেবের পরামর্শ রাজিব সাহেবকে সাহায্য করবে—**
i. অর্থনীতির জ্ঞান অর্জন করতে
ii. অর্থনীতির মৌলিক বিষয়গুলো জানতে
iii. অর্থনীতির সমালোচনা করতে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**৫. সমাজতান্ত্রিক অর্থব্যবস্থায় জমি, কলকারখানা ও খনির মালিক কে?**
ক) সরকার খ) জমিদার
গ) পুঁজিপতি ঘ) উদ্যোক্তা

**৬. প্রাকৃতিক ও মানবিক সম্পদ কাজে লাগিয়ে কোন সম্পদ সৃষ্টি করা যায়?**
ক) প্রাকৃতিক সম্পদ খ) জাতীয় সম্পদ
গ) উৎপাদিত সম্পদ ঘ) ব্যক্তিগত সম্পদ

**৭. ভোগ ব্যয়ের পরে আয়ের যে অংশ অবশিষ্ট থাকে তাকে কী বলে?**
ক) সঞ্চয় খ) বিনিয়োগ
গ) মজুদ ঘ) মূলধন

**৮. একটি নির্দিষ্ট সময়ে একটি দ্রব্য ক্রমাগতভাবে ভোগ করতে থাকলে তার কোনটি হ্রাস পায়?**
ক) স্বাদ খ) রুচি
গ) উপযোগ ঘ) উপকারিতা

**৯. অর্থনীতিতে চাহিদার শর্ত কয়টি?**
ক) ২ খ) ৩
গ) ৪ ঘ) ৫

**১০. লোহা পিটিয়ে যন্ত্রপাতি তৈরি কোন ধরনের উপযোগ?**
ক) স্থানগত খ) রূপগত
গ) উৎপাদনগত ঘ) মালিকানা

**১১. বিভিন্ন উপকরণ নিয়োগের প্রভাবে যে উৎপাদন পাওয়া যায় তাকে কী বলে?**
ক) মোট উৎপাদন খ) প্রান্তিক উৎপাদন
গ) দেশীয় উৎপাদন ঘ) গড় উৎপাদন

**১২. কীসের প্রকৃতি অনুযায়ী বাজার ধারণা আলোচনা করা হয়?**
ক) দ্রব্যের খ) উৎপাদনের
গ) স্থানের ঘ) মূল্যের

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও:**
রাজুদের বাসায় গ্যাসের সংযোগ আনবে। এ বিষয়ে তিতাস গ্যাস কর্তৃপক্ষের সাথে কথা বললে কর্তৃপক্ষ জানায় প্রতিমাসে ৮০০ টাকা দিতে হবে। কর্তৃপক্ষ আরও জানায় ২ মাস আগে ৬০০ টাকা ছিল সম্প্রতি ৮০০ করা হয়েছে।

**১৩. রাজুদের বাসায় গ্যাস সংযোগের বাজারটি কোন প্রকৃতির?**
ক) পূর্ণ প্রতিযোগিতা খ) মনোপলি
গ) একচেটিয়া ঘ) ডুয়োপলি

**১৪. উদ্দীপকে আলোচিত বাজারের বৈশিষ্ট্য হলো—**
i. পরিবর্তক দ্রব্য নেই
ii. নতুন ফার্মের প্রবেশ বন্ধ
iii. গড় আয় ও প্রান্তিক আয় সমান
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**১৫. কোনটি কতিপয় বিক্রেতার বাজার?**
ক) পূর্ণ প্রতিযোগিতা খ) একচেটিয়া
গ) অলিগোপলি ঘ) ডুয়োপলি

**১৬. দেশজ উৎপাদনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ বিবেচ্য বিষয় কোনটি?**
ক) ভৌগোলিক সীমানা খ) জাতীয়তা
গ) প্রাকৃতিক সম্পদ ঘ) খনিজ সম্পদ

**১৭. সমাজের মোট ব্যয় বলতে বোঝায়—**
i. জনগণের ভোগ ব্যয়

http://bdloan24.net/

ii. জনগণের বিনিয়োগ ব্যয়
iii. সরকারি ব্যয়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii　ⓛ ii ও iii
ⓖ i ও iii　ⓜ i, ii ও iii

১৮. Mobility শব্দের অর্থ কী?
ⓚ মূলধন　ⓛ নির্ধারক
ⓖ সচলতা　ⓜ প্রযুক্তি

১৯. বিশ্বের প্রায় সকল দেশে কোন ধরনের মুদ্রার প্রচলন দেখা যায়?
ⓚ প্রামাণিক মুদ্রা　ⓛ কাগজি মুদ্রা
ⓖ রূপান্তরযোগ্য মুদ্রা　ⓜ ব্যাংক হিসাব মুদ্রা

২০. ব্যাংক ঋণপত্র প্রচলন করে—
i. লেনদেন ব্যবস্থা সহজ ও নিরাপদ করার জন্য
ii. আমানত হিসেবে নগদ অর্থের ভিত্তিতে
iii. সুদের হারের ভিত্তিতে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii　ⓛ i ও iii
ⓖ ii ও iii　ⓜ i, ii ও iii

২১. 'স্বল্পমেয়াদি ঋণের ব্যবসায়ী' বলে পরিচিত কোন ব্যাংক?
ⓚ সমবায় ব্যাংক　ⓛ বাংলাদেশ ব্যাংক
ⓖ বাণিজ্যিক ব্যাংক　ⓜ বিনিময় ব্যাংক

২২. বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির হার কত?
ⓚ ১.৩৭%　ⓛ ১.৩৪%
ⓖ ১.৮৩%　ⓜ ১.৮৯%

২৩. বর্তমানে সরকার বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে কোন নীতি ঘোষণা করেছে—
i. উদ্দীপনামূলক
ii. পরিবেশ বান্ধব
iii. সহযোগিতামূলক
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii　ⓛ ii ও iii
ⓖ i ও iii　ⓜ i, ii ও iii

২৪. বাংলাদেশে শিল্প (ম্যানু.) খাতকে কয়টি ভাগে ভাগ করা হয়েছে?
ⓚ ২টি　ⓛ ৩টি
ⓖ ৪টি　ⓜ ৫টি

২৫. X একটি উন্নত দেশ। X দেশের ক্ষেত্রে সঠিক তথ্য—
i. দক্ষ জনশক্তি বিদ্যমান
ii. কারিগরি জ্ঞানসম্পন্ন শ্রমিক
iii. কৃষিভিত্তিক অর্থনীতি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii　ⓛ i ও iii
ⓖ ii ও iii　ⓜ i, ii ও iii

২৬. দারিদ্র্যের দুষ্টচক্র দেশের কিসে বাধা সৃষ্টি করে?
ⓚ উন্নয়নে　ⓛ মূলধন গঠনে
ⓖ জনসংখ্যায়　ⓜ সঞ্চয়ে

২৭. কোনটি NGO এর পূর্ণ রূপ?
ⓚ Non Government Organisation
ⓛ National Government Organisation
ⓖ New Government Organisation
ⓜ Not Government Organisation

২৮. নিচের কোন পণ্যের ওপর আবগারি শুল্ক ধার্য করা হয়?
ⓚ স্ট্যাম্প
ⓛ আমদানিকৃত যন্ত্রপাতি
ⓖ রপ্তানিকৃত পণ্য
ⓜ চা, চিনি

২৯. বাংলাদেশে সরকারের আয়ের উৎস হলো—
i. কর রাজস্ব
ii. কর বহির্ভূত রাজস্ব
iii. প্রযুক্তি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii　ⓛ i ও iii
ⓖ ii ও iii　ⓜ i, ii ও iii

৩০. কোন বাজেটে সাধারণত উদ্বৃত্ত থাকে?
ⓚ চলতি বাজেট　ⓛ রাজস্ব বাজেট
ⓖ মূলধন বাজেট　ⓜ উন্নয়ন বাজেট

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| [illegible] | ১ | ⓖ | ২ | ⓛ | ৩ | ⓛ | ৪ | ⓚ | ৫ | ⓚ | ৬ | ⓖ | ৭ | ⓚ | ৮ | ⓖ | ৯ | ⓖ | ১০ | ⓜ | ১১ | ⓚ | ১২ | ⓚ | ১৩ | ⓖ | ১৪ | ⓚ | ১৫ | ⓖ |
| | ১৬ | ⓚ | ১৭ | ⓛ | ১৮ | ⓖ | ১৯ | ⓛ | ২০ | ⓚ | ২১ | ⓖ | ২২ | ⓚ | ২৩ | ⓖ | ২৪ | ⓚ | ২৫ | ⓚ | ২৬ | ⓚ | ২৭ | ⓚ | ২৮ | ⓛ | ২৯ | ⓚ | ৩০ | ⓚ |

http://bdloan24.com